গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড,ঢাকা।

১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯-৪৬,

তারিখ : ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৩ খ্রি.

**বিষয় : নীলফামারী জেলার ডোমার উপজেলার ০৩ নং গোমনাতী ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মো: আমজাদ আলী এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিলসহ শূন্যঘোষিত অধিক্ষেত্রে প্যানেল আহবান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডোমার উপজেলার ০৩ নং গোমনাতী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মো: আমজাদ আলী শারীরিক অসুস্থতার কারণে অব্যাহতি চেয়ে আবেদন করলেও তাঁর দাখিল ও আলিম পাশের সার্টিফিকেট না থাকায়, তিনি কারণ দর্শানোর জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে, নীলফামারী জেলার ডোমার উপজেলার ০৩ নং গোমনাতী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্র শূন্য ঘোষণা করা হলো। শূন্যঘোষিত অধিক্ষেত্রে অনধিক ১২০(একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রার-কে বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মো: আমজাদ আলী এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি জব্দকরণের জন্য জেলা রেজিস্ট্রার, নীলফামারী-কে নির্দেশ প্রদান করা হলো। শূন্যঘোষিত অধিক্ষেত্রে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ মোতাবেক প্যানেল প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, ডোমার, নীলফামারী-কে নির্দেশ প্রদান করা হলো।

৩১/০১/২০২৩

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মো: আমজাদ আলী
সাবেক নিকাহ্ রেজিস্ট্রার
০৩ নং গোমনাতী ইউনিয়ন
উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী।

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। জেলা রেজিস্ট্রার, নীলফামারী।
০৫। সাব-রেজিস্ট্রার, ডোমার, নীলফামারী।
০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। অফিস কপি।